ইত্তেফাক

তারিখ .. 30|9|78... ...
পৃষ্ঠা··· 8···কলাম···4... ...



# প্রাথমিক শিক্ষকদের জমায়েত

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির দাবী দিবস সংক্রান্ত কর্মসূচী স্থগিত রাখা সত্ত্বেও গতকল্য ( শুক্রবার ) বায়তুল মোকাররমে প্রাথমিক শিক্ষকদের এক জমায়েত অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ গতকল্য বায়তুল মোকাররমে জনশিক্ষা পরিচালক মরহুম ডঃ খলিলুর রহমানের জানাজায় অংশগ্রহণের পর প্রাথমিক শিক্ষকদের বিশেষ অনুরোধে প্রাথমিক শিক্ষকদের সমাবেশে এক সংক্ষিপ্ত ভাষণ দেন। ভাষণে তিনি প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবীদাওয়া বিবেচনা এবং পূরণের যথাসাধ্য চেষ্টা করার আশ্বাস দেন।